



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ
গৃহায়ন ভবন



৮-২, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
www.nha.gov.bd

তারিখ : ০৩/০৪/২০১৯ খ্রিঃ

সতর্কীকরণ বিজ্ঞপ্তি

এতদ্বারা জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ কর্তৃক নির্মিত ঢাকা, চট্টগ্রাম, সিলেট, মাইজদি, যশোর, বগুড়া, দিনাজপুর প্রকল্পের প্রতিটি ভবনের ফ্ল্যাট মালিক সমিতির সভাপতি/সাধারণ সম্পাদকগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অগ্নি নির্বাপক যন্ত্র যেমন: ফায়ার এক্সটিংগুইসার, ফায়ার হাইড্রেন্ট সিস্টেম/ফায়ার প্রটেকশন সিস্টেম, বালতি ভর্তি বালি যে ভবনে যা স্থাপিত আছে সেগুলোর কার্যকারিতা এবং অগ্নি সম্পর্কে সতর্কতা ও সচেতন হওয়া একান্ত আবশ্যিক।

এ বিষয়ে আরও অবগত করানো যাচ্ছে যে, সাধারণত ফায়ার এক্সটিংগুইসার সমূহের কার্যকারিতা থাকে ১ থেকে ২ বছর, মেয়াদোত্তীর্ণ হওয়ার পর সেগুলোর কার্যকারিতা নষ্ট হয়ে যায়, ফায়ার এক্সটিংগুইসার সমূহের কার্যকারিতা অব্যাহত রাখতে হলে সেগুলির রুটিন চেকআপ করে পরিবর্তন অথবা রি-ফিল করে পুনরায় কর্মক্ষম করা যায়। বিশেষ করে ফায়ার হাইড্রেন্ট সিস্টেম, ফায়ার প্রটেকশন সিস্টেমগুলি কার্যকর আছে কিনা তা সম্পর্কে অবহিত হওয়া একান্ত আবশ্যিক। ফায়ার হাইড্রেন্ট সিস্টেম, ফায়ার প্রটেকশন সিস্টেমগুলির কর্মক্ষমতা যাচাইয়ের জন্য অভিজ্ঞ অপারেটর/ফায়ারম্যান অথবা সংশ্লিষ্ট এলাকার ফায়ার সার্ভিসের সহযোগিতা নিয়ে রুটিন চেকআপ এবং মহড়া করার জন্য সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

এছাড়াও প্রতিটি ভবনে স্থাপিত লিফট, বৈদ্যুতিক তার (ক্যাবল), সার্কিট ব্রেকার, বৈদ্যুতিক সাব-স্টেশন, জেনারেটর, পানির পাম্প প্রভৃতি বৈদ্যুতিক/ইলেক্ট্রোমেকানিক্যাল যন্ত্রাংশগুলির কর্মক্ষমতা সঠিক রাখার নির্মিত কমপক্ষে মাসে ১ বার রুটিন চেকআপ করার জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য যে, সার্বিক বিষয়ে কারিগরি কোন পরামর্শ বা সহযোগিতা প্রয়োজন হলে নিম্নস্বাক্ষরকারীকে অবহিত করার জন্য অনুরোধ জানানো হলো।

বিষয়টি অতীব জরুরী

সচিব
জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ
সেগুনবাগিচা, ঢাকা।
টেলিফোন : ৯৫৬৭৮৫৯
ই-মেইল : secretary@nha.gov.bd

Size | : 8"x3Column Final